

## ইবির অনিয়ম-দুর্নীতি খতিয়ে দেখবে ইউজিসির তদন্ত টিম

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

আর্থিক, প্রশাসনিক ও একাডেমিক অনিয়ম-দুর্নীতির সরেজমিন তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গঠিত তদন্ত টিম আজ ইসলামী বিশ্ববিদ্যালয়ে আসছে।

এ টিম তিন দিন বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে বিগত সময়ে জনবল নিয়োগ, অনুমোদিত এবং অননুমোদিত জনবলের তালিকা, উপাচার্য ও কোষাধ্যক্ষের ব্যবহৃত ফালানি তেলের হিসাব, ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের প্রদেয় সম্মানীর তালিকাসহ বিভিন্ন আর্থিক, একাডেমিক ও প্রশাসনিক বিষয়ে তদন্ত করবেন বলে জানা গেছে। তদন্ত কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. এ এইচ এম জেহাদুল করিম ইসলামী বিশ্ববিদ্যালয়ে আসার বিষয় নিশ্চিত করে বলেন, আমরা তিন দিন ইসলামী বিশ্ববিদ্যালয়ে অবস্থান করবো। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের বিষয়ে সরেজমিন তদন্ত করা হবে এবং প্রয়োজন অনুযায়ী বিভিন্ন লোকের সহযোগিতা নেয়া হবে।